Birds-2

প্রধান বন সংরক্ষকের কার্যালয়
রিমস্ ইউনিট
প্রধান / সহকারীর স্বাক্ষর:
☐ কম্পিউটার প্রোগ্রামার
☐ সহকারী বন সংরক্ষক / গবেষণা কর্মকর্তা / সহকারী কম্পিউটার প্রোগ্রামার
☐ নক্সাকার
☐ প্রধান সহকারী / উচ্চমান সহকারী
☐ ফরেস্টার তারিখ:- ১৪/১০/২০২৫ খ্রি.।
☐ অফিস সহকারী
নিবন্ধন নং- ২৬০
তারিখঃ
☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ দ্রুত ব্যবস্থা নিন
☐ নথিজাত করুন
উপ বন সংরক্ষক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৫. ৩৭৩৪

বিষয়:- পোষা পাখি লালন-পালনের জন্য লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট বাতিল প্রসঙ্গে।

সূত্র:- ১। লাইসেন্স নং- ৩২, তারিখ:- ০৮/১১/২০২১ খ্রি.।
২। পজেশন সার্টিফিকেট নং- ৩১, তারিখ:- ০৮/১১/২০২১ খ্রি.।
৩। আপনার গত ১২/০২/২০২৩ খ্রি. তারিখের আবেদন।
৪। বন্যপ্রাণী পরিদর্শক এর স্মারক নং- ২২.০১.০০০০.১১১.২৩.০০০.২০২৩.৩৪, তারিখ:- ১৪/০৩/২০২৩ খ্রি.।
৫। অত্র দপ্তরের স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩.১৪৫১, তারিখ:- ২৬/০৪/২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ১ ও ২ নং স্মারক মূলে আপনার প্রতিষ্ঠানের অনুকূলে পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রদান করা হয়। উক্ত লাইসেন্স এবং পজেশন সার্টিফিকেটের মেয়াদ গত ০৮/১১/২০২৩ খ্রি.তারিখে শেষ হয়। পরবর্তীতে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশের প্রেক্ষিতে ০৯/০১/২০২৩ খ্রি. তারিখ হতে ১ বছরের জন্য লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট স্থগিত করা হয়। সূত্রোক্ত ৩ নং আবেদন মূলে আপনি আপনার নামে নিবন্ধনকৃত খামারটি বাতিল করার জন্য আবেদন করেন এবং আপনার আবেদনের বিষয়ে বন্যপ্রাণী পরিদর্শক সূত্রোক্ত ৪ নং স্মারক মূলে প্রতিবেদন প্রেরণ করেন।

বন্যপ্রাণী পরিদর্শকের প্রতিবেদন হতে দেখা যায় যে, আপনার খামারে বিভিন্ন প্রজাতির ০৭টি পাখি ছিল। উক্ত পাখিগুলো কোথায় স্থানান্তর করা হবে সে বিষয়ে বিস্তারিত তথ্য জানানোর জন্য সূত্রোক্ত ৫ নং স্মারক মূলে অনুরোধ জানানো হলেও অদ্যাবধি আপনি চাহিত তথ্য অত্র দপ্তরে প্রেরণ করেননি।

যেহেতু আপনি আপনার খামারের নিবন্ধন বাতিলের জন্য অনুরোধ জানিয়েছেন এবং অত্র দপ্তরের চাহিত তথ্য অদ্যাবধি প্রেরণ করেন নি এবং নবায়নের বিষয়েও কোন আবেদন করেন নি সেহেতু অত্র পত্র জারীর তারিখ হতে আপনার প্রতিষ্ঠানের নামে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট এতদ্বারা বাতিল করা হলো।

উক্ত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেটের অনুবলে কোন ধরনের কার্যক্রম পরিচালনা করা হতে বিরত থাকার জন্যও বলা হলো। আপনার নামে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট এর মূল কপি অত্র দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

(শারমীন আক্তার)
বিভাগীয় বন কর্মকর্তা
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।

১৪/১০/২৫

জনাব জামাল
শাহজালাল পেটস এন্ড ফার্মিং
গ্রাম- তাফালবাড়ী, পো:- জ্ঞানপাড়া
থানা- পাথরঘাটা, জেলা- বড়গুনা।

বর্তমান ঠিকানা:- সামাইর, বিরুলিয়া, সাভার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কাযার্থে:-

১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী, ১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।
৩। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৪। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৫। কমিশনার অব কাষ্টমস, কাষ্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৬। উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। বিষয়টি বন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
৭। সহকারী পরিচালক, (Assiatant Director), Livestock Quarantine Station, Terminal-1), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৮। সহকারী বন সংরক্ষক, ঢাকা সদর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
৯। সহকারী বন সংরক্ষক, গাজীপুর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১০। মিজ রুবিয়া ইসলাম, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১১। মিজ নিগার সুলতানা, বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা। বর্ণিত প্রতিষ্ঠানের খামারটি সরেজমিনে পরিদর্শন করত: খামারে পাখি পাওয়া গেলে তা জব্দ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো এবং সর্বশেষ অবস্থা সম্পর্কে অত্র দপ্তরকে অবহিত করার জন্যও বলা হলো।